# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ৬৬২

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৫৩. (শাইখের নিকট হাদীস) উপস্থাপন করা প্রসঙ্গে

بَابٌ فِي الْعَرْضِ

### আরবী

أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ حَدَّثَنَا دَاوُدُ بْنُ عَطَاءٍ قَالَ كَانَ زَيْدُ بْنُ أَسْلَمَ يَرَى عَرْضَ الْكِتَابِ وَالْحَدِيثِ سَوَاءً وَكَانَ ابْنُ أَبِي ذِئْبٍ يَرَى ذَلِكَ

إسناده ضعيف لضعف داود بن عطاء

### বাংলা

৬৬২. দাউদ ইবনু আতা বলেন: (লিখিত) পাণ্ডুলিপি উপস্থাপন করা এবং হাদীস (শোনানোর মাধ্যমে) উপস্থাপন করা- উভয়কেই যাইদ ইবনু আসলাম রাহি. সমান গণ্য করতেন। এছাড়া ইবনু আবু যি’বও এই মত পোষণ করতেন।[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ, কেননা, দাউদ ইবনু আত্বা যয়ীফ।

তাখরীজ: আমি এটি এখানে ব্যতীত অন্য কোথাও পাইনি। তবে অপর সূত্রে বর্ণনা করেছেন খতীব, আল কিফায়াহ পৃ: ২৭৬ ইবরাহীম থেকে বর্ণনা করেছেন: ইবনু আবু যি’ব ‘আলিম কর্তৃক তোমাকে পাঠ করে শোনানোর চেয়ে আলিমের নিকট (হাদীস) পাঠ করে শোনানোকে উত্তম গণ্য করতেন।’

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ দাউদ ইবনু আতা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76038

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন